# চট্টগ্রামে রিকশাচালকের হামলায় পুলিশ সদস্য আহত



সংগৃহীত ছবি

চট্টগ্রামের পতেঙ্গায় ব্যাটারিচালিত অটোরিকশা আটকানোর ঘটনায় পুলিশের ওপর হামলা চালিয়ে এক সদস্য আহত হয়েছেন। চালকরা জব্দকৃত রিকশাটিও ছিনিয়ে নিয়ে গেছে। পুলিশ মামলা দায়ের করেছে এবং গাড়ি উদ্ধারের চেষ্টা চলছে।

চট্টগ্রাম নগরের পতেঙ্গা থানার কাটগড় এলাকায় মঙ্গলবার (৭ অক্টোবর) দুপুরে ব্যাটারিচালিত একটি অটোরিকশা আটককে কেন্দ্র করে পুলিশের ওপর হামলার ঘটনা ঘটে। আহত পুলিশ সদস্য নজরুল ইসলাম নগর ট্রাফিক বিভাগের বন্দর জোনে রেকার অপারেটর হিসেবে কর্মরত।

পতেঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শফিকুল ইসলাম জানান, দায়িত্বে থাকা কনস্টেবল নজরুল ইসলাম জব্দ করা অটোরিকশা চালিয়ে যাচ্ছিলেন। তখন ৫০-৬০ জন রিকশাচালকের একটি দল তাকে ঘিরে ধরে মারধর করে এবং রিকশাটি ছিনিয়ে নেয়। হামলায় অটোরিকশাটি ভাঙচুরও হয়।

ওসি আরও জানান, ঘটনায় মামলা দায়ের করা হয়েছে। ছিনিয়ে নেওয়া রিকশা উদ্ধারের চেষ্টা চলছে।

LENS ASIA